

কুমিল্লা অঞ্চলে ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় সভা ও প্রকাশ্যে ঋণ বিতরণ অনুষ্ঠান

বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের উদ্যোগে ১৩ আগস্ট, ২০১৭ তারিখ কুমিল্লাস্থ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি এর মিলনায়তনে বৃহত্তর কুমিল্লা অঞ্চলের ব্যাংকার-উদ্যোক্তা মতবিনিময় সভা ও প্রকাশ্যে ঋণ বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের নির্বাহী পরিচালক জনাব মোঃ আবদুর রহিম। বিশেষ অতিথি হিসেবে জনতা ব্যাংক লিমিটেড, অগ্রণী ব্যাংক লিমিটেড, এক্সিম ব্যাংক লিমিটেড এবং আইডিএলসি ফাইন্যান্স লিমিটেড এর চারজন উপ-ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এক্সিম ব্যাংক লিমিটেড, কুমিল্লা এর আঞ্চলিক প্রধান জনাব মোঃ আখতারুজ্জামান। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের প্রতিনিধি হিসেবে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের যুগ্ম-পরিচালক জনাব রোজিনা আক্তার মুস্তাফী এবং উপ-পরিচালক জনাব শেখ আজম আলী উপস্থিত ছিলেন। তাছাড়া, সভায় কুমিল্লা অঞ্চলের ব্যাংক/অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধানসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা, স্থানীয় বিভিন্ন চেম্বার/এসাসিয়েশন এর প্রতিনিধি, বৃহত্তর কুমিল্লা অঞ্চলের এসএমই উদ্যোক্তাগণ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।



অতিথিগণের সাথে ঋণের চেক প্রাপ্ত নারী উদ্যোক্তাবৃন্দ

এসএমই উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচিতে নিয়োজিত কুমিল্লা অঞ্চলের সকল ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সাথে উদ্যোক্তাদের সেতুবন্ধন দৃঢ় করার এবং উদ্যোক্তা উন্নয়নে কৌশলগত দিক নির্দেশনা ও ভবিষ্যৎ করণীয় প্রসঙ্গে অবহিতকরণের উদ্দেশ্যে আয়োজিত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের যুগ্ম-পরিচালক জনাব রোজিনা আক্তার মুস্তাফী। কুমিল্লা অঞ্চলের সকল ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের সহযোগিতায় এক্সিম ব্যাংক লিমিটেড প্রধান সমন্বয়কারী ব্যাংক হিসেবে অনুষ্ঠান আয়োজনের দায়িত্ব পালন করে।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে সরকারের নীতির সাথে সামঞ্জস্য রেখে সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) অর্জনে বাংলাদেশ ব্যাংক তার প্রথাগত দায়িত্ব পালনের পাশাপাশি কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প (সিএমএসএমই) খাতের উন্নয়নে কাজ করে যাচ্ছে মর্মে উল্লেখ করেন। সিএমএসএমই খাত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, ধনী-দরিদ্র ও আঞ্চলিক বৈষম্য কমানো, নারী পুরুষের সমতা বিধান ও নারীর ক্ষতমায়নে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম বলেও তিনি উল্লেখ করেন।

বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিনিয়ত উদ্যোক্তা উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাবার কথা উল্লেখ করে তিনি বলেন যে, উদ্যোক্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁদের দক্ষতা উন্নয়ন এবং আর্থিক খাতে প্রবেশগম্যতা বৃদ্ধির মাধ্যমেই কেবল টেকসই অর্থনৈতিক উন্নয়ন সম্ভব। কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন নারী উদ্যোক্তা সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের গৃহীত কর্মসূচির ফলে সমাজের সুবিধা বঞ্চিত ও অবহেলিত নারীরা অর্থনৈতিক কর্মকাণ্ডে অধিকহারে সম্পৃক্ত হওয়ার সুযোগ পাচ্ছেন এবং তাতে Financial Inclusion এর সুফল প্রাপ্তিক পর্যায়ের এসএমই উদ্যোক্তাদের নিকট পৌঁছে যাচ্ছে মর্মে তিনি জানান।

প্রধান অতিথি নারী উদ্যোক্তাদেরকে কোন প্রকার সহায়ক জামানত ছাড়াই ব্যক্তিগত/সামাজিক গ্যারান্টির বিপরীতে ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানের এবং এসএমই উদ্যোক্তাদের ঋণ প্রদানে অগ্রণী ভূমিকা পালনের জন্য সকল ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানের মতবিনিময় অংশে প্রধান অতিথি মহোদয় এসএমই উদ্যোক্তাদের উত্থাপিত বিভিন্ন প্রশ্নের সরাসরি জবাব প্রদান করেন। এসএমই ঋণ প্রাপ্তির ক্ষেত্রে নির্দিষ্ট কিছু জটিলতা নিরসনের বিষয়ে উপস্থিত ব্যাংক প্রতিনিধিগণ তাৎক্ষণিকভাবে উদ্যোক্তাদের আশ্বস্ত করেন। অনুষ্ঠানে এসএমই উদ্যোগ অর্থায়নকে উৎসাহিত করতে প্রধান অতিথি বিভিন্ন ব্যাংক ও অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানের ১০২ টি উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাঝে ৪৪ কোটি ৩২ লক্ষ টাকার ঋণের চেক প্রকাশ্যে হস্তান্তর করেন।